

"একই স্মারক নম্বর ও তারিখে প্রতিস্থাপিত"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০০.৬৪০০.০১৭.২৭.০০১.১৭.৪৪

তারিখ : ০৩ মাঘ, ১৪২৪ বঙ্গাব্দ।
১৬ জানুয়ারি, ২০১৮ খ্রিষ্টাব্দ।


প্রজ্ঞাপন

যেহেতু, নওগাঁ জেলার সদর উপজেলার তিলকপুর ইউপি সদস্য জনাব মোঃ ইয়াছিন আলী (নান্ন) এর বিরুদ্ধে আক্কেলপুর থানায় দায়েরকৃত মামলা নং-০১, তারিখঃ ০১/০৮/২০১৪ (জি আর. নং ১০২/১৪, ধারা ১৪৩/৩৪১/৩২৩/৩২৫/৩৭৯/৩০৭/৫০৬(২)/১১৪ দ: বি: এর অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হয়েছে;

যেহেতু, উক্ত সদস্যের বিরুদ্ধে জি আর.নং-১০২/১৪, ধারা ১৪৩/৩৪১/৩২৩/৩২৫/৩৭৯/৩০৭/৫০৬(২)/ ১১৪ দ: বি: এর অভিযোগপত্র গৃহীত হওয়ায় উক্ত সদস্য কর্তৃক ক্ষমতা প্রয়োগ প্রশাসনিক দৃষ্টিকোণে সমীচীন নয় মর্মে সরকার মনে করে;

সেহেতু, নওগাঁ জেলার সদর উপজেলার তিলকপুর ইউপি সদস্য জনাব মোঃ ইয়াছিন আলী (নান্ন) এর বিরুদ্ধে আক্কেলপুর থানায় দায়েরকৃত মামলা নং-০১, তারিখঃ ০১/০৮/২০১৪ (জি আর. নং ১০২/১৪, ধারা ১৪৩/৩৪১/৩২৩/৩২৫/৩৭৯/৩০৭/৫০৬(২)/১১৪ দ: বি: এর অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হওয়ায় এবং উক্ত ইউপি সদস্য কর্তৃক সংঘটিত অপরাধমূলক কার্যক্রম পরিষদসহ জনস্বার্থের পরিপন্থি বিধায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪ উপধারা (১) অনুযায়ী উল্লিখিত ইউপি সদস্যকে তাঁর স্বীয় পদ থেকে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

০২। এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।



(মোঃ মাহাবুবুর রহমান)
উপসচিব
☎ ৯৫৮৬৬০৫
Email : lgup1@lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.৬৪০০.০১৭.২৭.০০১.১৭.৪৪/১(৭)

তারিখ : ০৩ মাঘ, ১৪২৪ বঙ্গাব্দ।
১৬ জানুয়ারি, ২০১৮ খ্রিষ্টাব্দ।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। জেলা প্রশাসক, নওগাঁ।
- ০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, সদর উপজেলা, নওগাঁ।
- ০৪। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৫। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৬। জনাব মোঃ ইয়াছিন আলী (নান্ন), সদস্য (সাময়িক বরখাস্তকৃত), তিলকপুর ইউনিয়ন পরিষদ, নওগাঁ সদর, নওগাঁ।


(মোঃ মাহাবুবুর রহমান)
উপসচিব